# Advance Bangla Software & Technology Ltd.

প্রিয় সদস্য,

AccountsAssistant ব্যবহারকারী হিসাবে আমাদের পরিবারে আপনাকে স্বাগত।

AccountsAssistant একটি অন-লাইন একাউন্টিং সফটওয়্যার। এতে সকল ধরনের প্রতিষ্ঠানের ব্যবহারযোগ্য জেনারেল লেজার সিস্টেম। এতে একটি প্রতিষ্ঠানকে ডিপার্টমেন্ট ও প্রোগ্রাম হিসাবে ভাগ করে। ডিপার্টমেন্ট বা কস্ট-সেন্টার হিসাবে ব্যবহার করা যায় আবার প্রোগ্রাম কে প্রোগ্রাম বা জব হিসাবে ব্যবহার করা যায়। ফলে আপনি এক সফটওয়্যারেই কস্ট শিট ও ডিপার্টমেন্ট এর খরচ দুই তথ্য ই এক সঙ্গে পেতে পারেন। শুধুই ভাউচারটা করার সময় এই ভাগটা সঠিক ভাবে করলেই হবে।

ভাউচার এন্ট্রির পর, আর করার কিছুই নাই। সঙ্গে সঙ্গে ব্যালান্স শিট পর্যন্ত তৈরি হয়ে যাবে। অবিশ্বাস্য তাই না।

AccountsAssistant ব্যবহার করার জন্য আপনার অবশ্যই হিসাববিদ্যার ব্যবহারিক দিক সম্পর্কে ও কম্পিউটার ব্যবহার সাধারন জ্ঞান থাকা জরুরী। এই দুই দক্ষতা যদি না থাকে তবে দয়া করে কাজ করার চেষ্টা করবেন না।

তবে চিন্তার কিছু নেই, আমরা মাত্র তিন দিনের প্রশিক্ষনে একজন কমার্স গ্রাজুয়েট বা কম্পিউটার অপারেটর কে কাজ চালানোর মত  দক্ষ হিসাবক হিসাবরক্ষক তৈরি করে দিতে পারি।

AccountsAssistant এর যে কোন সমস্যায় আমাদের যোগাযোগ করুন।

আপনার সর্বাঙ্গীণ কল্যান কামনায়।

আপনার বিশ্বস্ত

মাহবুব আলম
ম্যানেজিং ডিরেক্টর

Planners Tower, Suite # 4,14th floor, 13A CR Datta Road, Dhaka, Bangladesh. Tel: 8629519, 01711540378
Helpline: 10611Helpme, Email: info@abstltd.com Web: abstltd.com

# AccountsAssistant

## ব্যবহারকারী নির্দেশিকা

প্রথমে এর সেটআপ বুঝি

**ব্যবহারকারী প্রকার**

১। এডমিন - ব্যবহারকারী তৈরী

২। ডাটা এডমিন - ডিপার্টমেন্ট, প্রোগ্রাম, চার্ট অব একাউন্টস তৈরী ও সংশোধন

৩। ডাটা ম্যানেজার - ভাউচার, ইনভেস, বিল সংশোধন ও মুছে ফেলা (ডিলিট)

৪। ডাটা এন্ট্রি - ভাউচার, ইনভেস, বিল এন্ট্রি  তৈরী

**AccountsAssistant** তে কাজ করতে এই চার ধরনের ব্যবহারকারীই লাগবে। দায়িত্ব বন্টন ও স্বচ্ছতা বজায় রাখার জন্য এই ব্যবহারকারী গুলো অবশ্যই ভিন্ন ব্যক্তি হওয়া প্রয়োজন।

**ফর্ম সমুহ**

ইউজার / ব্যবহারকারী তৈরি - এডমিন ব্যবহারকারী কাজ করতে পারবে বাকি কেউ দেখতে পারবে না।

ডিপার্টমেন্ট / প্রগ্রাম তৈরি - ডাটা এডমিন ব্যবহারকারী কাজ করতে পারবে বাকি কেউ দেখতে পারবে না।

চার্ট অব একাউন্টস তৈরী - ডাটা এডমিন ব্যবহারকারী কাজ করতে পারবে বাকি কেউ দেখতে পারবে না।

**ডাটা এন্ট্রি** (ভাউচার এন্ট্রি)

ডাটা এন্ট্রি ব্যবহারকারী ডেবিট (প্রদান), ক্রেডিট (প্রাপ্তি), ট্রান্সফার (ব্যাংক-ক্যাশ বা ক্যাশ-ব্যাংক), জার্নাল ভাউচার ও কন্ট্রা ভাউচার তৈরী করতে পারবে।

ডাটা ম্যানেজার এগুলোকে এডিট করতে পারবে।

ভাউচারে ডেবিট ও ক্রেডিট দুই দিক ই এন্ট্রি দিতে হবে, নতুবা ভাউচার সেভ হবে না।

ডেবিট ও ক্রেডিট যোগফল ও মিলতে হবে, না মিললে ভাউচার সেভ হবে না।

প্রতিটি ভাউচারেই ঐ নির্ধারিত লেনদেন ই এন্ট্রি দেওয়া যাবে, অন্য এন্ট্রি দেওয়া যাবে না,  অর্থাৎ ডেবিট ভাউচারে যে কোন খাতকে ডেবিট করা যাবে ( ক্যাশ বা ব্যাংক বাদে ) ও ক্যাশ বা ব্যাংক ক্রেডিট করতে হবে। একই ভাবে ক্রেডিট ভাউচারে যে

কোন খাতকে ক্রেডিট করা যাবে ( ক্যাশ বা ব্যাংক বাদে ) ও ক্যাশ বা ব্যাংক খাতকে ডেবিট করতে হবে। ডেবিট ভাউচারে ক্যাশ ডেবিট করা যাবে না ও একই ভাবে ক্রেডিট ভাউচারে ক্যাশ ক্রেডিট করা যাবে না।

**ভাউচারের ব্যবহারঃ**

ভাউচারসমূহ ডাটা এন্ট্রি ব্যবহারকারী তৈরি করবে ম্যানেজার প্রয়োজনে এডিট করতে পারবে।

**ডেবিট ভাউচার** - ক্যাশে পরিশোধিত টাকা বা চেকের মাধ্যমে পরিশোধিত টাকা।

**ক্রেডিট ভাউচার** – ক্যাশে প্রাপ্ত টাকা বা চেকে এ তৃতীয় পক্ষের নিকট হতে প্রাপ্ত টাকা যা ব্যাংক একাউন্টে জমা করা হয়েছে।

**জার্নাল ভাউচার** - জার্নাল ভাউচারে নন ক্যাশ এন্ট্রি করা হয় । ক্যাশ নয় এমন ভাউচার যেমন বাকিতে ক্রয়/ বিক্রয়, অবচয় ইত্যাদি। ক্যাশ বা ব্যাংক বাদে অন্য সব এন্ট্রি করা যাবে, এখানে ক্যাশ বা ব্যাংক খাত তালিকায় আসবেই না।

**ট্রান্সফার ভাউচার** - ক্যাশ হতে ব্যাংক বা ব্যাংক হতে ক্যাশ। ক্যাশ হতে ব্যাংকে টাকা জমা হলে, ডেবিট ব্যাংক ও ক্রেডিট ক্যাশ হবে। আর ব্যাংক হতে ক্যাশ উত্তোলন করলে, ক্যাশ ডেবিট ও ব্যাংক ক্রেডিট হবে। ট্রান্সফার ভাউচারে ক্যাশ/ ব্যাংক বাদে অন্য কোন খাত দেখা যাবে না।

**কনট্রা ভাউচার** - একাউন্টসে ভাউচার বাতিল করা যায় না, তাই ভাউচার পেরিওড ক্লোজ করার পর এডিট বা ডিলিট করা যায় না। কিন্তু কিছু ঘটনা আছে যা একটি তৈরিকৃত ভাউচার কে বাতিল করে দেয়, যেমন ব্যাংকে জমা দেওয়া চেক ডিসওনার হওয়া, ইত্যাদি ।

কনট্রা ভাউচারের মাধ্যমে তৈরিকৃত ভাউচার কে একটা বিপরীত এন্ট্রির মাধ্যমে শুদ্ধ করা হয়। এখানে শুধু একটা ডেবিট বা ক্রেডিট ভাউচার নম্বর এন্ট্রি দিতে পারবেন, যা থেকে সিস্টেম একটা বিপরীত ভাউচার তৈরি করে দিবে ও নতুন ভাউচারের নম্বর দিয়ে দিবে।

ধরা যাক, জনাব আমিরের কাছ হতে ৫০,০০০ টাকার একটি চেক বাকি বিক্রয়ের পরিশোধ হিসাবে ৩০/০৬/২০১৪ তারিখে পাওয়া গেল। ঐ দিনই জনতা ব্যাংক ৫৪০ নং একাউন্টে জমা করা হোল। ফলে আমরা একটি ক্রেডিট ভাউচার করলাম। ধরা যাক এর নম্বর ২০১৪০০৫৩। এখন ৪ই জুলাই জানা গেল ঐ চেক ব্যাংক হতে প্রত্যাখ্যান হয়েছে। এখন পুর্বরতী ক্রেডিট ভাউচারটি রদ হবে কিন্তু বাতিল হবে না। আমীর সাহেব হয়তো ঐ চেকের পরিবর্তে আরেকটি চেক দিবেন বা নগদে পরিশোধ করবেন। অতএব ২০১৪০০৫৩ নম্বর ক্রেডিট ভাউচার টি কন্ট্রা-ভাউচার তৈরি করতে হবে। ডাটা এন্ট্রি ব্যবহারকারী কন্ট্রা-ভাউচার ফরমে গিয়ে, ২০১৪০০৫৩ নম্বর দিয়ে ৪ জুলাই ২০১৪ তারিখ দিয়ে কন্ট্রা-ভাউচার সেভ করবেন। ফলে ঐ ভাউচার টি রদ হয়ে গেল ও আমীর সাহেবের হিসাবে আবারও ৫০,০০০ টাকা দেনা বেড়ে গেল।

**রিপোর্ট সমুহঃ**

১। ভাউচার লিস্ট

২। ভাউচার

৩। চার্ট অব একাউন্টস

৪। ক্যাশ বই (লেজার রিপোর্ট থেকে ক্যাশ বাছাই করুন)

৫। ব্যাংক বই (লেজার রিপোর্ট থেকে ব্যাঙ্ক একাউন্ট বাছাই করুন)

৬। লেজার সমুহ

৭। রেওয়ামিল বা ট্রায়াল ব্যালান্স

৮। লেনদেনের সংক্ষেপ বা ট্রানজেকশন সামারী

৯। আয় এবং ব্যয় হিসাব

১০। ব্যালান্স শিট

**এবার কাজের ক্রম**

রেজিস্ট্রেশন করার পর আপনি পেয়েছেন, একটি কোম্পানি নম্বর, এডমিন ব্যবহারকারী নাম ও পাসওয়ার্ড

১। প্রথমে এডমিন হিসেবে লগ ইন করে করে ডাটা এডমিন ব্যাবহারকারী তৈরী করুন।

২। ডাটা এডমিন হিসেবে লগ ইন করে করে ডিপার্টমেন্ট, প্রোগ্রাম তৈরী করুন

৩। ডাটা এডমিন চার্ট অব একাউন্টস এন্ট্রি দিবেন।

৪। এবার এডমিন ব্যবহারকারী হিসেবে লগ ইন করে ডিপার্টমেন্ট অনুসারে ডাটা এন্ট্রি ও ডাটা এডিট ব্যবহারকারীসমূহ তৈরী করুন।

**সেটআপ অংশ শেষ**

৫। এবারে প্রারম্ভিক হিসাব এন্ট্রি করতে হবে, প্রারম্ভিক স্থিতি মুলত প্রতিষ্ঠানের বর্ষ শুরুর স্থিতি পত্র বা ব্যালান্স শিট, এতে ব্যালান্স শিট আইটেম ব্যতীত অন্য কিছু এন্ট্রি করা যাবে না। ডাটা এডমিন ওপেনিং ব্যালেন্স অংশ ব্যবহার করে এই এন্ট্রি দিতে পারবে।

**ডাটা সেট আপ শেষ, এবার প্রত্যাহিক ডাটা এন্ট্রি**

৬। এবারে আপনার প্রতিষ্ঠান এর দৈনন্দিক ডাটা এন্ট্রি করুন

৭। প্রতিদিনের এন্ট্রির পর ক্যাশ বই মিলিয়ে নিন, ক্যাশ বইয়ে দুই জন সই করে ক্যাশ নিশ্চিত করুন

৮। মাস শেষে ব্যাংক রিকন্সিলিয়েশন করুন

৯। মাসিক আয় ব্যয়, প্রাপ্তি প্রদান ও স্থিতি পত্র প্রিন্ট নিন - ম্যানেজমেন্ট রিপোর্ট তৈরি করুন, বুঝুন আপনার লাভজনক ইউনিট কোনটি, কেন লাভ হচ্ছে? ক্ষতি হচ্ছে কোন ইউনিটে এবং কেন? কোন ক্রেতা কি পণ্য পছন্দ করেন? কোন ক্রেতা বাকী সময় মত পরিশোধ করেন, কে করেন না।

এখন ম্যানেজমেন্ট সিদ্ধান্ত নেওয়ার সময় ও তথ্য আপনার হাতে আছে। যথাযথ ব্যবহার করুন।

আপনার ব্যবসায় উন্নতি হোক!

ধন্যবাদ।